রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৯, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৮

বিজ্ঞপ্তি

ঢাকা, ১২ই আশ্বিন ১৩৯৪/২৯শে সেপ্টেম্বর ১৯৮৭

নং এস,আর,ও ২৩৮-এল/৮৭/শ্রওজ ৮/৪(১৬)/৮৭—Essential Services (Second) Ordinance, 1958 (E. P. Ord. XLI of 1958)-এর section 3(2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, বার্মা ইষ্টার্ণ লিমিটেড, ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড, ইষ্টার্ণ লুব্রিকেন্টস এন্ড ব্ল্যান্ডার্স লিমিটেড, ষ্ট্যান্ডার্ডস এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড এবং লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস প্ল্যান্ট-এর অধীনস্থ সকল শ্রেণীর কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য হইবে মর্মে, অত্র মন্ত্রণালয়ের ২রা এপ্রিল, ১৯৮৭/১৮ই চৈত্র, ১৩৯৩ তারিখের এস, আর, ও ৫১-এল/৮৭/এল এম ৮/৪(১০)/৮৬ নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারিত ঘোষণার কার্যকারিতার মেয়াদ ১লা অক্টোবর, ১৯৮৭/১৪ই আশ্বিন, ১৩৯৪ তারিখের পর হইতে আরও ছয় মাসের জন্য বর্ধিত করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুদ্দিন আহমদ
উপ-সচিব।



মূল্য : ৩০ পয়সা

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ই আশ্বিন ১৩৯৪/২৯শে সেপ্টেম্বর ১৯৮৭

নং এস,আর,ও ২৩১-আইন/৮৭—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বাংলাদেশের চা শ্রমিকদের কল্যাণের জন্য প্রতিষ্ঠিত যে কোন কল্যাণ ফান্ডকে উপরোক্ত অধ্যাদেশের অধীন আরোপনীয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিলেন।

এই প্রজ্ঞাপন ২রা আগস্ট, ১৯৮৬ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ছাইদুল হক চৌধুরী
অতিরিক্ত সচিব।

[২(১০)কর-১/৮৬]

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।